গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিভাগীয় সমবায় কার্যালয়,বরিশাল
www.coop.barisaldiv.gov.bd

বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪৭.৬১.০০০০.২৮১.১৬.০০৫.২২.১০৩৯

মুহাম্মদ আবদুল্লা আল মামুন, যুগ্মনিবন্ধক, বিভাগীয় সমবায় কার্যালয়, বরিশাল কর্তৃক বাউফল ইউ,সি,সি,এ, লিঃ এর এর কার্যক্রমের উপর ২৯ /০৮/২০২৩ খ্রি. তারিখের পরিদর্শন প্রতিবেদন।

**সমবায়ের প্রাথমিক তথ্য:**

ক) সমবায়ের নাম: বাউফল ইউ,সি,সি,এ,লিঃ।

খ) ঠিকানা: উপজেলা কমপ্লেক্স, বাউফল, পটুয়াখালী।

গ) নিবন্ধন নং ও তারিখ:রেজি নং- ১৯কে, তারিখ : ২৮/০১/১৯৭৪খ্রি.।

ঘ) ব্যবস্থাপনা কমিটির নির্বাচনের তারিখ: ০৫/০৪/২০২৩ খ্রি.।

ঙ) সমবায়ের সদস্য সমিতির সংখ্যা: কৃষক সমবায় সমিতিঃ ১৪৫ টি, মহিলা সমবায় সমিতিঃ ৪১ টি। সর্বমোটঃ ১৮৬ টি প্রাথমিক সমবায় সমিতি।

চ) সর্বশেষ বার্ষিক সাধারণ সভার তারিখ: ২৩/০২/২০২৩ খ্রি.।

ছ) সর্বশেষ অডিট বছর ও অডিট সম্পাদনের তারিখ : অডিট বর্ষ ২০২১-২০২২ খ্রি. অডিট সম্পাদন- ৩১/১২/২০২২ খ্রি.।

জ) আদায়কৃত শেয়ার মূলধন : কৃষক সমবায় সমিতি = ৩৫০০.০০ টাকা।
মহিলা সমবায় সমিতি = ১২৫০.০০টাকা।
মোট = ৪৭৫০.০০টাকা।

ঝ) আদায়কৃত সঞ্চয় আমানত : কৃষক সমবায় সমিতি =১০৮০০০.০০ টাকা।
মহিলা সমবায় সমিতি = ২১২০০০.০০ টাকা।
মোট = ৪২৮০০০.০০ টাকা।

ঞ) শেয়ার আমানত : কৃষক সমবায় সমিতি = ১০৪০০০.০০ টাকা।
মহিলা সমবায় সমিতি = ১১৫০০০.০০ টাকা।
মোট =২১৯০০০.০০ টাকা।

ট) কার্যকরী মূলধন : ৮৮৭৭০০০.০০ টাকা।

ঠ) সদস্য সমিতির মধ্যে বিতরণকৃত ঋণ পাওনা : কৃষক সমবায় সমিতি =১১২৩২০০০.০০ টাকা।
মহিলা সমবায় সমিতি = ১১৩০৯০০০.০০ টাকা।
মোট =২২৫৪১০০০.০০ টাকা।

২৯/০৮/২০২৩ খ্রি. তারিখে অত্র সমবায়টি সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে সমবায়টির নির্বাচিত সভাপতি এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও জুনিয়র অফিসার (হিসাব) উপস্থিত ছিলেন। পরিদর্শনের শুরুতে সকলের সাথে শুভেচ্ছা ও মতবিনিময় করে সমবায় সমিতি আইন ও বিধিমালা সম্পর্কে ধারণা প্রদান করে সমিতির পরিদর্শন কাজ আরম্ভ করা হয়। পরিদর্শনকালে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে মন্তব্যসমূহ নিম্নে দফাওয়ারী পেশ করা হ'ল।

**০১। পূর্ববর্তী পরিদর্শন সংক্রান্ত :** ইতোপূর্বে কোন কর্মকর্তা কর্তৃক পরিদর্শন করা হয়নি।

**০২। সমবায়ের লক্ষ্য ও উদ্দেশ্যঃ** নিবন্ধিত উপ-আইনের বিধান অনুযায়ী সামগ্রিকভাবে সদস্য সমিতির সদস্যগণকে অর্থনৈতিকভাবে সাবলম্বী করে তোলার জন্য নিয়মিত সঞ্চয়ে উৎসাহ দেয়া, শেয়ার সঞ্চয় আদায়ের মাধ্যমে পুঁজি গঠন করে কর্মসংস্থান সৃষ্টি, মূলধনের সঠিক ও সর্বাধিক ব্যবহার নিশ্চিত করে সদস্যদের তথা সদস্য সমিতির অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন, নিরাপত্তা বিধান এবং বিভিন্ন প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন সমবায়ের মূল উদ্দেশ্য। সমবায়ের উদ্দেশ্যসমূহ পূরণকল্পে বিদ্যমান ব্যবস্থাপনা কমিটির তৎপরতা উল্লেখযোগ্য নয়।

**০৩। সমবায়ের উপ-আইনঃ** অত্র সমবায়ের উপ-আইন বিদ্যমান সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২, ২০১৩), সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর আলোকে সংশোধিত হয়নি।

**০৪। সমবায়ের সদস্য সংখ্যা:** অত্র কেন্দ্রীয় সমবায় সমিতির সদস্য সংখ্যার ১৮৬ টি প্রাথমিক সমবায় সমিতি। তন্মধ্যে কৃষক সমবায় সমিতি ১৪৫টি এবং মহিলা সমবায় সমিতি ৪১টি। সমবায়গুলোর মধ্যে ২৭ টি অকার্যকর। ০৪টি সদস্য রেজিস্টার আছে। দুটি মূল ও দুটি নতুনভাবে খোলা হয়েছে।

**০৫। ব্যবস্থাপনা কমিটি:** বর্তমান ব্যবস্থাপনা কমিটির সদস্যদের নাম, পদবী এবং নির্বাচনের, দায়িত্ব গ্রহণ (প্রথম সভা) ও মেয়াদ সংক্রান্ত তথ্য নিম্নরূপ:

| ক্রঃ নং | নাম | পদবী | সংশ্লিষ্ট প্রাথমিক সমবায় সমিতি | নির্বাচনের তারিখ ও ১ম সভার তারিখ | মেয়াদকাল |
|---|---|---|---|---|---|
| ১ | বীর মুক্তিযোদ্ধা মো: সামসুল আলম মিয়া | সভাপতি | পূর্ব নাজিরপুর কৃষক সমবায় সমিতি | ০৫/৪/২০২৩ খ্রি. নবনির্বাচিত ব্যবস্থাপনা কমিটির ১ম সভা- ১৬/০৪/২০২৩ খ্রি. | ১৫/০৪/২০২৬ খ্রি.। |
| ২ | উম্মে কুলসুম | সহ-সভাপতি | দাসপাড়া জাগরনী মহিলা সমবায় স. | | |
| ৩ | মো: আলী আজম খান | সদস্য | মধ্য শৌলা কৃষক সমবায় সমিতি | | |
| ৪ | মো: রেজাউল করিম | সদস্য | দঃ পঃ নওমালা কৃষক সমবায় সমিতি | | |
| ৫ | মো: হারেজ আহম্মেদ | সদস্য | উঃ কালাইয়া বি এস এস | | |
| ৬ | মো: ছালাম মুন্সী | সদস্য | কমলাপুর কৃষক স: স: লি: | | |
| ৭ | মো: আবুল কালাম | সদস্য | দঃ মদনপুরা কৃষক স: স: লি: | | |
| ৮ | মোসা: রোকেয়া বেগম | সদস্য | পঃ নাজিরপুর মহিলা স:স: লি: | | |

**০৬। ব্যবস্থাপনা কমিটির সভাঃ** জুলাই, ২০২২ খ্রি. তারিখ হতে পরিদর্শনের তারিখ পর্যন্ত ব্যবস্থাপনা কমিটির ০৬ টি সভা অনুষ্ঠিত হয়েছে। সভা অনুষ্ঠানের জন্য বিধি মোতবেক নোটিশ প্রদান করা হয়েছে।

**০৭। বার্ষিক সাধারণ সভাঃ** অত্র কেন্দ্রীয় সমবায় সমিতিতে বিগত ২৩/০২/২০২৩ খ্রি. তারিখে সর্বশেষ বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত বার্ষিক সাধারণ সভায় ৬৫ টি প্রাথমিক সমবায় সমিতির প্রতিনিধি উপস্থিত ছিলেন। সভার কার্যবিবরনী সংশ্লিষ্ঠ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়েছে।

**০৮। শেয়ার মূলধন:** উপ আইন অনুযায়ী সমবায়ের অনুমোদিত শেয়ার মূলধনের পরিমাণ ১,৮১,৯২৫/-। শেয়ার সংখ্যা ৩৬৩টি এবং প্রতিটি শেয়ারের মূল্য ৫০/-টাকা। ৩০ জুন ২০২৩ খ্রি. তারিখে শেয়ার মূলধনের স্থিতি ক) কৃষক সমবায় সমিতির ১,৬১,৪২৫ টাকা খ) মহিলা সমবায় সমিতির ২০,৫০০/- টাকা, ০১ জুলাই ২০২৩ খ্রি. হতে পরিদর্শনকালীন সময় পর্যন্ত শেয়ার মূলধন বাবদ কোন টাকা আদায় অথবা ফেরত দেয়া হয়নি। শেয়ার রেজিস্টারে হালনাগাদ তথ্য লিপিবদ্ধ করা আছে।

**০৯। শেয়ার আমানতঃ** শেয়ার মূলধনের বাইরে সমবায়ে শেয়ার আমানত রাখা হয়। ৩০ জুন , ২০২৩ খ্রি. তারিক পর্যন্ত আদায়কৃত শেয়ার মূলধনের পরিমাণ ছিল ক) কৃষক সমবায় সমিতির ১,৫৪,০০০/- টাকা খ) মহিলা সমবায় সমিতির ১০,৪০,২০৮/- টাকা, ০১ জুলাই ২০২৩ খ্রি. হতে পরিদর্শনকালীন সময় পর্যন্ত কৃষক সমবায় সমিতিতে শেয়ার মূলধন বাবদ কোন টাকা আদায় অথবা ফেরত দেয়া হয়নি তবে মহিলা সমবায় সমিতিতে শেয়ার মূলধন বাবদ ৫৯,৯৬০/- টাকা আদায় হয়েছে এবং ২০০০/- টাকা ফেরত দেয়া হয়েছে। শেয়ার মূলধন খতিয়ান হালনাগাদ লিপিবদ্ধ আছে।

**১০। সঞ্চয় আমানতঃ** ৩০ জুন ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত আদায়কৃত সঞ্চয়ের পরিমাণ ছিল ক) কৃষক সমবায় সমিতির ১৮১২০০০/-, খ) মহিলা সমবায় সমিতির ৩৬,১২,০০০/- টাকা। ০১ জুলাই, ২০২৩ খ্রি. হতে পরিদর্শনকালীন সময় পর্যন্ত কৃষক সমবায় সমিতিতে সঞ্চয় আমানত বাবদ ২১,২০০/- টাকা আদায় করা হয়েছে তবে কোন টাকা ফেরৎ প্রদান করা হয়নি। মহিলা সমবায় সমিতিতে সঞ্চয় আমানত বাবদ ১২,৫০০/- টাকা আদায় হয়েছে, কোন টাকা ফেরৎ প্রদান করা হয়নি। সঞ্চয় খতিয়ান হালনাগাদ লিপিবদ্ধ আছে। তবে বিআরডিবি হতে অভিকল ইউসিসিএ নামে পর্যায়ক্রমে প্রদানকৃত ৮৯,১৯,০০০/-টাকার ব্যবহার যথাযথভাবে বোঝা যাচ্ছে না। উক্ত টাকার উপর একটি প্রতিবেদন দাখিল করা প্রয়োজন।

**১১। ঋণ কার্যক্রমঃ** ৩০ জুন, ২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত সদস্যদের পাওনা ঋণের আসলের পরিমাণ ছিল ক) কৃষক সমবায় সমিতির ১,১২,৩২,০০০/- টাকা, খ) মহিলা সমবায় সমিতির ১,১৩,০৯,০০০/- টাকা। ঋণ আদায়ের ক্ষেত্রে মুনাফা ১১%। গৃহীত ঋণের যথাযথ ব্যবহার সমবায় কর্তৃক তদারকি করা হয় না। সমিতিতে ঋণ/ কর্জ খতিয়ান আছে এবং হালনাগাদ তথ্য লিপিবদ্ধ আছে।

**১২। সম্পদ ও সম্পত্তি:** অত্র সমবায়ের ক্রয়কৃত কালাইয়া হাটে ৭৩ শতাংশ নিজস্ব জমি আছে। উক্ত জমি ভিটি হিসেবে ভাড়া দেয়া হয়। জমির নামজারী করা আছে তবে জমির সীমানা প্রাচীর দেয়া হয়নি। অস্থায়ী সম্পদের মধ্যে ২,২৩,৮৭৯/- টাকা মূল্যমানের আসবাবপত্র রয়েছে।

**১৩। ব্যাংক হিসাব:** পরিদর্শনের তারিখ পর্যন্ত অত্র কেন্দ্রীয় সমবায় সমিতির স্থায়ী আমানত সমূহের স্থিতি নিম্নরূপ:

**মূল কর্মসূচী :**

| ক্র: নং: | হিসাব শিরোনাম | ৩০/০৬/২০২৩ খ্রি. তারিখের স্থিতি |
|---|---|---|
| ১ | স্থায়ী আমানত হিসাব নং-০৯৩৪৭৩৪, অগ্রনী ব্যাংক, বাউফল শাখা | ১৬১৮৯৮০ |
| ২ | স্থায়ী আমানত হিসাব নং-০১২৮৮২৭ অগ্রনী ব্যাংক, বাউফল শাখা | ৬২৬৪৩ |
| ৩ | স্থায়ী আমানত হিসাব নং-০৯৩৪৬৫৯ অগ্রনী ব্যাংক, বাউফল শাখা | ১৪৬২২৩ |
| ৪ | স্থায়ী আমানত হিসাব নং-০০০৬৯০৫ অগ্রনী ব্যাংক, বাউফল শাখা | ১৯৩১৭৫ |
| ৫ | স্থায়ী আমানত হিসাব নং-০৯৩৩৮৬৯৪, সোনালী ব্যাংক, বাউফল শাখা | ১৬৪৬৬৪৩ |
| ৬ | স্থায়ী আমানত হিসাব নং০১৬১৭৪৩, সোনালী ব্যাংক, বাউফল শাখা | ৬৭৭৭৪ |

| | | |
|---|---|---|
| | মোট = | ৩৬৭৪৪৩৮ |

**মহিলা উন্নয়ন অনুবিভাগ :**

| ক্র: নং: | হিসাব শিরোনাম | ৩০/০৬/২০২৩ খ্রি. তারিখের স্থিতি |
|---|---|---|
| ১ | স্থায়ী আমানত হিসাব নং-০০০৬৯৪৯, অগ্রনী ব্যাংক, বাউফল শাখা | ১৩৮৯৬১৭ |
| ২ | স্থায়ী আমানত হিসাব নং-০৫১২৫৭২, অগ্রনী ব্যাংক, বাউফল শাখা | ৭৮৯৭৪১ |
| | মোট = | ২১৭৯৩৫৮ |

স্থায়ী আমানত মেয়াদ পূর্তিতে পূনরায় আমানত রাখা হয়। তবে পরিদর্শন কালে ব্যাংক ষ্টেটমেন্ট ও স্থিতিপত্রে বর্নিত স্থায়ী আমানত হিসাবের গড়মিল পরিলক্ষিত হয়।

**১৪। খাতা পত্র সংক্রান্ত:** সমবায় সমিতি আইনের ২৪ ধারা এবং বিধিমালার ৫৬ অনুযায়ী সব রেজিস্টার সমবায়ে সংরক্ষিত নেই এবং বিদ্যমান রেজিস্টারগুলোতে পরিদর্শনের তারিখ পর্যন্ত হালনাগাদ তথ্য লিপিবদ্ধ নেই।

**১৫। অন্যান্য রেকর্ডপত্র:** সমবায়ে টাকা আদায়ের ক্ষেত্রে রশিদ বহি ব্যবহার করা হয় এবং ব্যয়ের ভাউচার সংরক্ষণ করা হয়। ব্যয়ের ভাউচারগুলো যথাযথভাবে অনুমোদিত।

**১৬। কর্মকর্তা/কর্মচারী:** পরিদর্শনকালীন সময় পর্যন্ত অত্র সমবায় সমিতিতে মূল প্রকল্পে ০৩ জন কর্মচারী আছেন এবং মহিলা উন্নয়ন অনুবিভাগে ০৫ জন মাঠ সংগঠক আছে। কর্মচারীদের জন্য সার্ভিস রুল আছে। তবে নিজস্ব আয়ের অভাবে তদের নিয়মিত বেতন প্রদান করা হয় না।

**১৭। অডিট ও অডিট সংশোধনী : সমবায়টির** ২০২২-২০২৩খ্রি. সনের অডিট জনাব ফেরদৌস মোঃ হানিফ, উপজেলা সমবায় অফিসার, বাউফল, পটুয়াখালী এবং জনাব কাজী মোর্শেদ সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, বাউফল, কর্তৃক বিগত ৩০/১২/২০২২ খ্রি. তারিখ সম্পাদন করা হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের নিরীক্ষা প্রতিবেদনের তৃতীয় অংশে উক্ত প্রতিষ্ঠানের ২০০১-২০০২ সন হতে অবলোপনকৃত তহবিলসমূহ প্রতিস্থাপন করার জন্য বলা হলেও উক্ত তহবিলসমূহ বাউফল ইউ,সি,সি,এ,লিঃ এর হিসাবে অন্তর্ভুক্ত করা হয়নি। এছাড়া ২০২০-২০২২ সনের অডিট প্রতিবেদনের উপর সংশোধনী প্রতিবেদন দাখিল করা হয়নি।

**১৮। লাভ/ক্ষতি ও লভ্যাংশ বিতরণ:** সমবায়ে ২০২০-২০২১সনে নীট ক্ষতির পরিমাণ **৫২,৪৬২/-** টাকা। তবে ২১,০৫,৯৭৮/- টাকা পূর্বের অবন্ঠিত লাভ থাকলেও তা বন্টন করা হয়নি।

**১৯। তারল্য সংরক্ষণ:** সমবায় সমিতি বিধিমালা/২০০৪ এর ৬৭ বিধি মোতাবেক সমবায়ে তারল্য সংরক্ষণ করা হয় না।

**২০। সংরক্ষিত তহবিল ও কু-ঋণ তহবিল:** পরিদর্শনকারীন সময় পর্যন্ত অত্র সমবায় সমিতিতে সংরক্ষিত তহবিল ১৪,১৩,০৭৪/- টাকা ও কুঋণ তহবিল ৫,২১,৫৪৮/- টাকা। সংরক্ষিত ও ক-ঋন তহবিলের টাকা আলাদাভাবে সংরক্ষণ ও বিনিয়োগ করা হয় নাই।

**২১। আবর্তক তহবিলঃ** বাউফল ইউ,সি,সি,এ,লিঃ এর আবর্তক তহবিল, আরডি-২ এবং পল্লী প্রগতি প্রকল্পের তহবিল ব্যবস্থাপনা সংক্রান্ত অসংগতি রয়েছে।

**২২। অডিট ফি, সিডিএফ:** সমিতির নিয়মিত লাভ-লোকসানের ভিত্তিতে ধার্যকৃত অডিট ফি ও সিডিএফ পরিশোধ করা হয়।

**২৩। নিজস্ব তহবিলে মউর দেনা সংক্রান্ত:** ৩০/০৬/২০২২ খ্রি. পর্যন্ত মউর অংশ দেনা খাতে স্থিতির পরিমাণ ছিল ১২,৭৯,৮৪৪/- টাকা। সমিতির নিজস্ব তহবিলের মউর অংশ দেনা হতে পরিশোধ করে সমিতির দেনা না কমানোর ফলে সমিতির দেনার পরিমাণ প্রত বছর বৃদ্ধি পেয়েছে। প্রতিষ্ঠানের শর্তানুযায়ী স্ব-স্ব প্রতি বছর সমিতির শেয়ার আমানত ও সঞ্চয় আমানতের উপর উক্ত খাতে টাকা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

**২৪। স্থায়ী আমানতের সুদ তহবিল দেনা:** হলো৩০/০৬/২০২২ খ্রি. পর্যন্ত স্থায়ী আমানতের সুদ তহবিল দেনা খাতে স্থিতির পরিমাণ ৩৬,২৫,৪৭৫/- টাকা। এ খাতের টাকা লাভজনক খাতে বিনিয়োগ করার জন্য অনুরোধ করা হলো।

**<u>সমাপনী মন্তব্য ও সুপারিশঃ</u>**

১. সমবায় সমিতি আইন ও বিধির আলোকে যথাসময়ে বার্ষিক সাধারণ সভা আয়োজন করতে হবে এবং সাধারণ সভার সিদ্ধান্তের অনুলিপি যথাসময়ে সংশ্লিষ্ট সকল স্থানে প্রেরণ করতে হবে। নোটিশের সাথে উদ্বৃতপত্রে কপি সংযুক্ত করতে হবে;

২. সমবায় সমিতি আইন/২০০১, সংশোধন আইন ২০০২, ২০১৩ ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত ২০২০) এর আলোকে সমিতির উপ-আইন সংশোধন করতে হবে।

৩. উপ-আইনের উদ্ধেশ্য পূরণকল্পে কার্যকর উদ্যোগ নিতে হবে;

৪. নির্বাচনের পর ব্যবস্থাপনা কমিটির প্রথম সভায় সরকারী ব্যবস্থাপনা কমিটির এক তৃতীয়াংশ পদে সরকার কর্তৃক মনোনয়নের নিমিত্তে প্রস্তাব প্রেরণ করতে হবে;

৫. বিআরডিবি হতে বাউফল ইউসিসিএ লি: এর নামে পর্যায়ক্রমে প্রদানকৃত টাকার ব্যবহারের উপর একটি প্রতিবেদন দিতে হবে;

৬. সদস্য সমবায়গুলো কর্তৃক গৃহীত ঋণের যথাযথ ব্যবহার তদারকি করতে হবে;

৭. জমির সীমানা নির্ধারণ করে প্রাচীর দেয়ার উদ্যোগ নিতে হবে;

৮. সমবায় সমিতি আইন/২০০১, সংশোধন আইন ২০০২, ২০১৩ ও সমবায় সমিতি বিধিমালা/২০০৪ (সংশোধিত ২০২০) এর কপি সমিতির কার্যালয়ে সংরক্ষণ করতে হবে;

৯. ব্যাংক স্টেটমেন্ট ও রক্ষিত হিসাবে স্থায়ী আমানতের গড়মিল সংশোধন করতে হবে;

১০. সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত, ২০১৩) এর ২৪ ধারা এবং সমবায় বিধিমালা, ২০০৪ এর ৫৬ বিধি অনুযায়ী সকল রেজিস্টার প্রস্তুত করে হালনাগাদ তথ্য লিপিবদ্ধ করতে হবে;

১১. ২০০১-২০০২ সন হতে অবলোপনকৃত তহবিলসমূহ তহবিলসমূহ বাউফল ইউ,সি,সি,এ,লিঃ এর হিসাবে অন্তর্ভুক্ত কররে হবে;

১২. দাখিলকৃত অডিটের উপর আইনের ৪৭(১) ধারায় নির্ধারিত সময়ের মধ্যে সংশোধনী প্রতিবেদন দাখিল করতে হবে;

১৩. সমবায় সমিতি আইনের ৩৪(৩) ধারা মোতাবেক সংরক্ষিত তহবিলের নির্ধারিত অংশ এবং কৃঋণ তহবিল নির্ধারিত স্থানে জমা রাখতে হবে এবং বিধি নির্ধারিত সীমার মধ্যে বিনিয়োগ করতে হবে;

১৪. সকল রেজিস্টারে প্রত্যয়ন দিতে হবে;

১৫. ঋণ বিতরণের ক্ষেত্রে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ এর ৭০(২), ৭০(৩)(ক) ও ৭২ বিধি যথাযথভাবে অনুসরণ করতে হবে;

১৬. সদস্য সমবায়গুলোর মধ্যে অবন্টিত লাভ থেকে লভ্যাংশ বন্টন করতে হবে;

১৭. সমবায়ের নিজস্ব তহবিলের মউ এর অংশ দেনা হতে সমিতির দেনা পরিশোধ করতে হবে;

১৮. বাউফল ইউ,সি,সি,এ,লিঃ এর আবর্তক তহবিল, আরডি-২ এবং পল্লী প্রগতি প্রকল্পের তহবিল ব্যবস্থাপনায় অসংগতি পরিলক্ষিত হয়। উক্ত তহবিল ব্যবস্থাপনার উপর একটি প্রতিবেদন দিতে হবে;

১৯. স্থায়ী আমানতের সুদ লাভজনক খাতে বিনিয়োগ করতে হবে।

২৮-১১-২০২৩
মুহাম্মদ আবদুল্লা আল মামুন
বিভাগীয় যুগ্মনিবন্ধক
০২৪৭৮৮৩০২০৪
jrbarisal@gmail.com

নম্বর: ৪৭.৬১.০০০০.২৮১.১৬.০০৫.২২.১০৩৯/১ (৫)

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সভাপতি,বাউফল ইউসিসিএ লিঃ, বাউফল, পটুয়াখালী। তাঁকে পরিদর্শন প্রতিবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে বাস্তবায়ন প্রতিবেদন এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো;

২। সদস্য সচিব, বাউফল ইউসিসিএ, লিঃ ও উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাউফল, বরিশাল। তাঁকে পরিদর্শন প্রতিবেদনে প্রদত্ত সুপারিশগুলো বাস্তবায়ন নিশ্চিত করনে প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার অনুরোধ করা হলো।;

৩। উপজেলা সমবায় কর্মকর্তা, বাউফল, পটুয়াখালী। তাঁকে বাস্তবায়ন প্রতিবেদন দাখিল নিশ্চিত করতে অনুরোধ করা হলো;

৪। জেলা সমবায় কর্মকর্তা, জেলা সমবায় অফিস, জেলা সমবায় অফিস, পটুয়াখালী এবং

৫। নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা। দৃষ্টি আকর্ষণঃ উপনিবন্ধক (কৃষি ঋণ) (অতিরিক্ত দায়িত্ব ), কৃষি ঋণ, সমবায় অধিদপ্তর।

২৮-১১-২০২৩
মুহাম্মদ আবদুল্লা আল মামুন
বিভাগীয় যুগ্মনিবন্ধক